২৮

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... SEP. 08 2006 ...
পৃষ্ঠা ১ কলাম ৫

# আলিম ফাজিল ও কামিল পরীক্ষার ফল প্রকাশিত

জনকণ্ঠ রিপোর্ট ॥ বৃহস্পতিবার বাংলাদেশ মাদ্রাসা বোর্ডের অধীনে চলতি বছর অনুষ্ঠিত আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। আলিম পরীক্ষায় পাসের হার ৭৫ দশমিক ২৩ শতাংশ, ফাজিল পরীক্ষায়

(১১- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## আলিম ফাজিল

(১২-এর পাতার পর)

৭৮ দশমিক ৫১ শতাংশ এবং কামিল পরীক্ষায় পাসের হার ৯৪ দশমিক ৬৪ শতাংশ।

### আলিম

আলিম পরীক্ষায় মোট ৫৬ হাজার ৫৯৪ পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে ৪২ হাজার ৫৭৬ জন উত্তীর্ণ হয়। এদের মধ্যে জিপিএ ৫ পেয়েছে ৪১২ জন, জিপিএ ৪থেকে ৫ পেয়েছে ৪ হাজার ৩২০ জন, জিপিএ ৩.৫ থেকে ৪-এর মধ্যে পেয়েছে ৬ হাজার ২৭৪ জন, জিপিএ ৩ থেকে ৩.৫ পেয়েছে ৮ হাজার ৯৩২ জন, জিপিএ ২ থেকে ৩ পেয়েছে ১৭ হাজার ৬২ জন এবং ১ থেকে ২ পেয়েছে ৫ হাজার ২২০ জন। জিপিএ ৫ প্রাপ্ত ৪১২ জনের মধ্যে ছেলে ৩৬৮ জন, মেয়ে ৪৪ জন।

### ফাজিল

ফাজিল পরীক্ষায় মোট ১৮ হাজার ৪১২ পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ১৪ হাজার ৪৫৬ জন। উত্তীর্ণদের মধ্যে ৪ হাজার ৫৩৪ জন প্রথম বিভাগে, ৮ হাজার ৫৬৮ জন দ্বিতীয় বিভাগে এবং ১ হাজার ৩৫৪ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে আহসানবাদ রশিদা

৩

কামিল মাদ্রাসার মোঃ শাহাদাৎ হোসেন, প্রাপ্ত নম্বর ৮৯৮। দ্বিতীয় হয়েছে সারসিনা দারুস্সুন্নাত কামিল মাদ্রাসার মোঃ বদরুজ্জামান রিয়াদ, প্রাপ্ত নম্বর ৮৯৬ এবং তৃতীয় হয়েছে দারুল কোরান সিদ্দিকিয়া কামিল মাদ্রাসার মোঃ ফরিদ হোসেন, প্রাপ্ত নম্বর ৮৬১। মেয়েদের মধ্যে মেধাতালিকায় প্রথম হয়েছে জামিয়া কাশেমিয়া কামিল মাদ্রাসার মার্জিয় আক্তার, প্রাপ্ত নম্বর ৮২৪। দ্বিতীয় হয়েছে সিরাজনগর উম্মুল কোরান ফাজিল মাদ্রাসার দিলরাজ বানু, প্রাপ্ত নম্বর ৮২৩ এবং তৃতীয় হয়েছে মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট গার্লস কামিল মাদ্রাসার ফরিদা সুলতানা, প্রাপ্ত নম্বর ৮১৯।

### কামিল

কামিল পরীক্ষায় অংশ নেয়া মোট ৭ হাজার ৯৫৬ পরীক্ষার্থীর মধ্যে ৭ হাজার ৫৩৮ জন উত্তীর্ণ হয়েছে। এদের মধ্যে ২ হাজার ৪৯৫ জন প্রথম বিভাগে, ৪ হাজার ৭৭৯ জন দ্বিতীয় বিভাগে এবং ২৬৪ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

সম্মিলিত মেধাতালিকায় প্রথম হয়েছে ঝালকাঠি এন এস কামিল মাদ্রাসার মোঃ শাহ জালাল, প্রাপ্ত নম্বর ৯০৪ দ্বিতীয় হয়েছে সারসিনা দারুস্সুন্নাত কামিল মাদ্রাসার মোঃ ওসমান গনি, প্রাপ্ত নম্বর ৮৯৮ এবং তৃতীয় স্থান লাভ করেছে দৌলতগঞ্জ গাজিমুরা কামিল মাদ্রাসার ওমর আহমেদ, প্রাপ্ত নম্বর ৮৯৬। মেয়েদের মধ্যে মেধাতালিকায় প্রথম হয়েছে খুলনা কামিল মাদ্রাসার হালিমাতুস সাদিয়া প্রাপ্ত নম্বর ৮২০। দ্বিতীয় হয়েছে আয়েশা মহিলা কামিল মাদ্রাসার কামরুন নাহার, প্রাপ্ত নম্বর ৮১৬ এবং তৃতীয় স্থান লাভ করেছে খুলনা কামিল মাদ্রাসার সুলতানা রাজিয়া